শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

মুজিব শতবর্ষ

আগষ্ট / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৪১ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১৬ আগষ্ট ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জুন ২০২২ এর বন্যায় উপজেলার সকল রাস্তাঘাট/ব্রিজ কালভার্ট কম বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ রাস্তা ঘাট, সামাজিক প্রতিষ্ঠান সহ অন্যান্য প্রতিষ্ঠানের বিধি মোতাবেক প্রয়োজনীয়তা উল্লেখ করে প্রাপ্তিক চেয়ারম্যান উপজেলা পরিষদ বরাবরে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন। আবেদন প্রাপ্তি সাপেক্ষে সেপ্টেম্বর ২০২২ মাসে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভা আহবান করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। উপজেলা চেয়ারম্যান মহোদয় পরিষদের অভ্যন্তরে অফিস ও আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পরিষদের Boundary wall মেরামত ও জলাবদ্ধতা দূরীকরণ, কুশিয়ারা ও অরুনিমা আবাসিক ভবন মেরামত, Conference room আধুনিকরণ সহ একটি attached wash room স্থাপন ও কার্বলিক এসিড ক্রয় করার বিষয়ে আগ্রহ প্রকাশ করে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার স্বার্থে স্থাপিত c.c ক্যামেরা মেরামত কাজে DVR, HDD. Video Balun & Installation Charge সহ ২০,৬৫০ টাকা ব্যয় হবে মর্মে ভিশন কম্পিউটার কর্তৃক কোটেশন দাখিল করা হয়েছে।<br>উপজেলা প্রকৌশলী আরও জানান যে, গত মে ও জুন মাসের বন্যায় গোলাপগঞ্জ উপজেলায় বেশ কিছু রাস্তাঘাট Wash out ও কালভার্ট ধ্বসে যায় এবং বেশ কিছু টিলার মাটি Slide করে রাস্তার উপর পড়ায় গ্রামীন যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়, যাহার মধ্যে গত অর্থ বছরেই কিছু মেরামত করা হয়েছে।<br>তন্মধ্যে গত অর্থ বছরে মেরামত করা হয়নি কিছু জরুরী এমন (১) ফুলবাড়ি ইউনিয়নের শিলপুর এলাকায় জরুরী বাধ মেরামতের জন্য ৬১,২৭৬ টাকা (২) লক্ষনাবন্দ ইউনিয়নের দক্ষিনভাগ ফুলতলা সিরাজ মিয়ার বাড়ীর সামনের রাস্তায় ধ্বসে যাওয়া কালভার্টের পরিবর্তে পাইপ কালভার্ট জরুরী ভিত্তিতে স্থাপনের জন্য ১,৩৪,৩৫৯ টাকা (৩) ঢাকাদক্ষিন ইউনিয়নের ১নং ওয়ার্ডে কানিশাইল প্রাইমারী | ২০২২-২০২৩ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে পরিষদের সকল সদস্যকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী খাত ওয়ারী উন্নয়ন পরিকল্পনা দাখিলের জন্য অনুরোধ করা হলো। অফিস ও আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন, পরিষদের Boundary wall মেরামত ও জলাবদ্ধতা দূরীকরণ, কুশিয়ারা ও অরুনিমা আবাসিক ভবন মেরামত ও কার্বলিক এসিড ক্রয় করার ক্ষেত্রে প্রাক্কলন প্রস্তুত করার জন্য পরিষদ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে C.C | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পুকুরের পানিতে কভেরে করলে যাই উপচে পড়ায় ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামতের জন্য ৩৭,৩৬৮ টাকা এবং (৪) বাদেপাশা ইউনিয়নের শান্তির বাজার ঈদগাহ ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামতের জন্য ৬৩,৫৩০ টাকার ৪(চার) টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যাহা জরুরী বাস্তবায়নের জন্য পরিশোধ কর্তৃক অনুমোদন করা যেতে পারে। | ক্যামেরা মেরামত সহ উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ৪টি জরুরী মেরামত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান, ভর্তিকৃত রোগী ৯৬৮ জন, বহি বিভাগে সেবা প্রাপ্ত রোগী ১০৯৩৫ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহন ১৬২ জন, স্বাভাবিক প্রসব ৬২ জন,বন্যা উপদ্রুত এলাকায় ১৪ টি মেডিকেল টিম কর্মরত, প্রায় ৪০০০০ পানি বিশুদ্ধকরন ট্যাবলেট বিতরন, প্রায় ২৫০০০ প্যাকেট খাবার স্যালাইন বিতরন।মোট নমুনা সংগ্রহ ৬০১০ জন, মোট আক্রান্ত ১১২৬ জন, মৃত্যু ১৯ জন। করোনা টিকা প্রদান ১ম ডোজ ২৭১২৬২ শতকরা হার ৭২%.২য় ডোজ ২৬৪৯২৪ শতকরা হার ৭০%,৩য় ডোজ ৩২৪০৯.শতকরা হার ১৬%। পানিতে ডুবে মারা যাওয়া শিশু, সাপে কাটা রোগী বজ্রপাতে আক্রান্তের ব্যাপারে স্বাস্থ্য শিক্ষার জোরদার ভুমিকা রাখা সহ হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নিরাপত্তা ব্যবস্থার জন্য তিনি পরিষদকে অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জুলাই ২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৯৫৩০, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৮৮৪৮, হার ৭৮.৪৩%। গর্ভকালীন সেবা ৬২০ জন, প্রসব সেবা ৪৯ জন, গর্ভোত্তর সেবা ২২৫জন, শিশু সেবা ৪৭৯ জন, রোগী ১৯৮৫ জন, জীবিত জন্মের সংখ্যা ১৯২ জন, মৃত্যুর সংখ্যা ৬৮ জন, সর্বমোট গর্ভবতী ১৭২০ এবং মোট প্রবাসী ৫৩৪৩ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি রোপা আমন এরে আবাদ লক্ষ্যমাত্রা ১১১৫০ এর মধ্যে ৬,৬৯০ হে: ( ৬০%) আবাদ সম্পন্ন হয়েছে। ৭০% ভূর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরন করার জন্য আবেদন গ্রহন করা হচ্ছে। আগামী রবি মৌসুমে তেল ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে। উপজেলা পরিষদ এর রাজস্ব হতে তৈল ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহন করার অনুরোধ করা হয়। রাসায়নিক সারের ব্যবহার কমানোর জন্য জৈব সার/ভার্মি কম্পোষ্ট উৎপাদন বৃদ্ধি এবং ব্যবহার কমানোর জন্য সভায় অনুরোধ করা হয়।কফি, কাজুবাদাম এবং লেবু জাতীয় ফসলের সম্প্রসারনের কার্যক্রম চলমান রয়েছে। কৃষি ঋণ গ্রহনে আগ্রহী কৃষকের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, রাজস্ব ও উন্নয়ন প্রকল্পের আওতায় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান আছে।সভায় আরো জানানো হয় যে, উন্নয়ন প্রকল্পের আওতায় দেশীয় প্রজাতির ছোট মাছ প্রদর্শনী পুকুর স্থাপন করা হবে এবং মাছ চাষ সংক্রান্ত প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সি . উপজেলা মৎস্য কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৬ | প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ১২৪৬,হাঁস মুরগীর চিকিৎসা ৮২৩১ কৃত্রিম প্রজনন ৫৫ টি। গবাদি পশুর টিকা প্রদান ৩০০০, হাঁস মুরগীর টিকা প্রদান ১০০০০, উন্নত জাতের ঘাস চাষ ১.২ একর, উঠান বৈটক আয়োজন ০৫ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি , ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল টিম ০১ টি। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের বিপরীতে তালিকা প্রক্রিয়াধীন। | গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচী (কাবিখা/কাবিটা) কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইউনিক আইডি প্রস্তুতের কাজ চলমান রয়েছে। উপজেলার সকল ৫ হতে ১১ বছরের শিক্ষার্থীদের কোভিড ১৯ এর ঠিকা কার্যক্রম পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ে শুরু হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ক্ষুদে ডাক্তার স্কুল কার্যক্রম (২০-২৬) তারিখে সকল প্রতিষ্টানে অনুষ্টিত হবে। ১৭/৮/২২ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ ও সৃজনশীল মেধা অন্বেষন পুরস্কার বিতরনী অনুষ্টানে উপস্থিত সকল সম্মানিত চেয়ারম্যান ও অফিসার বৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। শিক্ষার মান উন্নয়নে সকল প্রতিষ্টানে অনলাইন শ্রেনী কার্যক্রম ও নৈতিক শপথ প্রাত্যাহিক সমাবেশে পরিবেশন করার বিষয়ে প্রতিষ্টানকে জানানো হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্য বিধি শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরের ৩৮ টি কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ স্কীম, ৪টি পাবলিক টয়লেট ও ৯টি হ্যান্ডওয়াশ ব্যাসিন সহ নলকূপ স্থাপনের স্থান নির্বাচন এখনো হয় নাই। দ্রুত স্থান নির্বাচন তালিকা প্রেরনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরের ১ম কিস্তির পেরোল সঠিক ও নির্ভুলভাবে প্রেরনের নির্দেশনা রয়েছে।তাই সকল ইউনিয়ন ও সম্মানিত পৌরসভার মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। অতিদ্রুত সময়ের মধ্যে মৃত্যুজনিত স্থানান্তরিত কারনে ভাতা প্রাপ্তির নাম ও নাম্বার পরিবর্তন জনিত কারনে দ্রুত ভাতাভোগীদের তথ্য যাচাই করে অত্র কার্যালয়ে প্রেরন করার জন্য সম্মানিত মেয়র ও ইউপি চেয়ারম্যানদের প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। | ভাতাভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস/২০২২ উপলক্ষে ৩,৭৫,০০০/- যুব ঋণ বিতরন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রশিক্ষনের বাজেট এখনও পাওয়া যায়নি। তাই মাঠ পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন শুরু করা সম্ভব হচ্ছেনা।সার্বিক যুব কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরন ১১.৩৮ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরে ৩৮০ জনকে প্রশিক্ষন প্রদান করা হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ২০১-২২ সনের অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে এবং সমবায় সমিতির অডিট কার্যক্রম চলছে। বিগত সনের ধার্যকৃত অডিট সেস ১০০ ভাগ ইতোমধ্যে আদায় হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তাদের ছবিসহ ডাটাবেজ কার্যক্রম চলমান আছে। এই যাছাই কার্যক্রম ইউনিয়ন ইউডিসি দের মাধ্যমে চলছে। ইতোমধ্যে আমরা ৫৫% যাছাই সম্পন্ন করতে পেরেছি। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের দৃষ্টি আকর্যন করা হচ্ছে যাতে যাছাই কমিটি দ্রুত সম্পন্ন করা হয়। আমাদের ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আমরা ইতোমধ্যে ৩০৫ মে.টন ধান সংগ্রহ করতে পেরেছি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিজিডি খাদ্যশষ্যের ২০২২ এরে ৬ মাসের বরাদ্দ পাওয়া গেছে। জুলাই ও আগষ্ট মাসের ডিও প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, জুলাই ও আগষ্ট মাসের খাদ্যশস্য ভিন্ন ভিন্ন তারিখে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরন সম্পন্ন করতে হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, উপজেলা বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, শাখার ঋন বিতরন ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। খেলাপি ঋন আদায়ে শাখার সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পরিসংখ্যান কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চাহিদা অনুপাতে বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় বর্তমানে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি প্রায় স্বাভাবিক রয়েছে। ফলে লোডশেডিং অনেকাংশে হ্রাস পেয়েছে। সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে বিদ্যুৎবিল আদায় কার্যক্রম জোরদার করা হয়েছে। বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা প্রদানের বিষয়ে অনুরোধ করা যাচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | ক) উপজেলা প্রকৌশলী জানান যে, 'গ্রাম হবে শহর' সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সর্বাগ্রে প্রয়োজন প্রতিটি গ্রামকে Road connectivity'র অর্ন্তভুক্ত করা। এরই অংশ হিসেবে নতুন নতুন সৃষ্ট সড়ক ও সংযোগ বিহীন গ্রামকে উন্নত যোগাযোগ ব্যবস্থার আওতায় আনতে হলে LGED'র Road Inventory তে অর্ন্তভুক্ত করা একান্ত প্রয়োজন। সেই লক্ষে এলজিইডির প্রধান প্রকৌশলী মহোদয়ের স্মারক নং. ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.২০-১৫৫১ তারিখঃ [illegible]/২০২২ইং পত্রের নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার প্রতিটি গ্রাম/সড়ক সরেজমিনে পরিদর্শন করে ২০টি ভিলেজ রোড টাইপ-এ, যার মোট দৈর্ঘ্য ২৪.৫০ কিঃমিঃ, ৯টি ভিলেজ রোড টাইপ-বি (দৈর্ঘ্য ২কিঃমিঃ এর উপরে) যার মোট দৈর্ঘ্য ২২.৭৩ কিঃমিঃ এবং ৩৭টি ভিলেজ রোড টাইপ-বি (দৈর্ঘ্য ২কিঃমিঃ এর নিচে) যার মোট দৈর্ঘ্য ৩৩.৭৬ কিঃমিঃ প্রাথমিকভাবে সনাক্ত করা হয়েছে (পরিশিষ্ট খ)। উক্ত সড়ক সমূহ Inventory ভুক্ত করে তার প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের পূর্বে উপজেলা পরিষদের সমন্বয় সভায় অনুমোদিত হতে হয় বিধায় সকল সদস্যের দৃষ্টি আকর্ষন করে পরামর্শ ও সহযোগীতা প্রদানের জন্য তিনি সদস্যের প্রতি অনুরোধ জানান।<br><br>খ) উপজেলা পরিষদ কার্যালয়ের জীপ গাড়ির টায়ার হঠাৎ অকেজো হওয়ার কারনে গাড়ী চালক জনাব জাকির হোসেন ১৪/৮/২০২২ খ্রিঃ তারিখে ২৪১২৫/- বিল ভাউচার সহ আবেদন করেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন পূর্বক আলোচনা করা হয়। জীপ গাড়ির টায়ার সংযোজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) সরকারের গ্রাম হবে শহর নীতি দ্রুত বাস্তবায়নের স্বার্থে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত নতুন গ্রামীণ সড়ক সমূহ (পরিশিষ্ট খ) LGED'র Road Inventory তে অর্ন্তভূক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) জীপ গাড়িতে টায়ার সংযোজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর যানবাহন মেরামত খাত হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার নির্ধারিত রাজস্ব ব্যয় অনুমোদন অবহিতকরণ | জেলা একের নেটওয়ার্ক বিডি কানেক্টর জামানত বাবদ ২১১১১/- চেক প্রদান চেক নং [illegible] তাং ৩/৭/২২। ২০২১-২২ অর্থবছর শেষে অব্যয়িত অর্থ উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলে স্থানান্তর ১,১৪,৭৬,৭৪৪/৩৫ চেক নং[illegible] তাং২৮/৭/২২। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুযোগের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবং সততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের

মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৭৪৭ তারিখঃ ১৬/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২৩/০৮/২২

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ . | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১০ নংবাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ১১ নংশরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৪ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ২৭ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | তথ্য সেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০২ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০৩ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | |
| ০৪ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | |
| ০৫ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০২ | |
| ০৬ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | |
| ০৭ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | |
| ০৮ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | |



CS CamScanner